

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কতিপয় অসাধু ব্যক্তি/চক্র বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে শূন্য পদে নিয়োগ প্রদান, সনদ যাচাই, সনদ সংশোধন এবং দ্বিনকল সনদ উত্তোলনে সহযোগিতার মিথ্যা প্রলোভন ও আশ্বাস দিয়ে প্রতিষ্ঠান প্রধান/সভাপতি/সদস্য সচিব/সদস্যসহ সেবা প্রত্যাশী নিরীহ ব্যক্তিদের প্রতারণা করছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরপেক্ষতা বজায় রেখে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে কোন ধরনের অর্থের সংশ্লেষ ব্যতীত এ অর্ধ নিয়োগ প্রক্রিয়াসহ সনদ যাচাই, সনদ সংশোধন এবং দ্বিনকল সনদ বিতরণ কার্যক্রম সম্পন্ন করে চলেছে এবং ভবিষ্যতে সমরূপভাবে এ কার্যক্রম চলবে। সুতরাং কোন ভাবেই কোন ব্যক্তি বা গোষ্ঠির মিথ্যা প্রলোভন বা প্রতারণায় বিশ্বাস স্থাপন না করার জন্য সকলকে অনুরোধ করা হলো। এ ধরনের যেকোন তথ্য প্রাপ্তির সাথে সাথে নিকটস্থ থানাসহ অত্র প্রতিষ্ঠানের বর্ণিত টেলিফোন নম্বরসমূহে জানানোর জন্য অনুরোধ করা হলো।

যোগাযোগ :

০২-৪১০৩০০৪৩, ০২-৪১০৩০০৪৬, ০২-৪১০৩০১২৪,

০২-৪১০৩০১২৯, ০১৮১৭-৫১৫৪২৮

নির্দেশক্রমে

এনটিআরসিএ কর্তৃপক্ষ